দৈনিক বাংলা

034

তারিখ 21 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 2

# হলের গেটে ছাত্রদের কাগজপত্র পরীক্ষা করা হবে

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে গতকাল পুলিশের পদস্থ কর্মকর্তাদের এক বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে আগামীকাল মঙ্গলবার আবাসিক হল সমূহ খোলার সময় হল কর্তৃপক্ষ গেটে ছাত্রদের কাগজপত্র পরীক্ষা করবেন। বহিরাগত এবং হলে অবস্থান করার প্রয়োজনীয় অনুমতিপত্র নেই—এমন কাউকে হলে ঢুকতে দেয়া হবে না। খবর সংশ্লিষ্ট সূত্রের।

কর্তৃপক্ষের এ কাজ পরিচালনার সময় হল গেটে পুলিশ অবস্থান করবে। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের বাসভবনে অনুষ্ঠিত এ বৈঠকে ভিসি প্রফেসর আবদুল মান্নান, প্রোভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদসহ অন্যান্য কর্মকর্তা এবং পুলিশের পক্ষে কমিশনার জনাব নসরুল্লাহ খান উপস্থিত ছিলেন।

(৩-এর পৃঃ দ্রঃ)

## হলের গেটে

(প্রথম পৃঃ পর)

সংশ্লিষ্ট সূত্রে আরও জানা গেছে যে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সহায়তা করার জন্যে পুলিশের ৪টি গ্রুপ ক্যাম্পাসে কাজ করবে। একজন ইন্সপেক্টরের নেতৃত্বে একটি করে গ্রুপ গঠিত হবে। সার্বিকভাবে এ গ্রুপগুলোর নেতৃত্ব দেবেন মহানগরী পুলিশের ডেপুটি কমিশনার (সাউথ) জনাব মোমিনউল্লাহ পাটোয়ারী। এবার হল খোলার পর পুলিশ কিছু দিন হল সংলগ্ন এলাকায় অবস্থান করবে বলেও এ বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

এদিকে পুলিশ গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত চারটি হলে তল্লাশী চালায়। এ হল চারটি হচ্ছে সূর্যসেন হল, কবি জসীম উদ্দীন হল, এ এফ রহমান হল ও শহীদুল্লাহ হল। এ অভিযানে পুলিশ সূর্যসেন হল থেকে একটি ছোরা, একটি ক্ষুর ও একটি বড় উদ্ধার করেছে।

রাত পৌনে এগারটায় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে মঙ্গলবার সকাল সাড়ে ৯টায় আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্যে হলসমূহ খুলে দেয়া হবে। ছাত্র-ছাত্রীদের পরিচয় পত্র চেক করে হলে প্রবেশ করতে দেয়া হবে।

আজ সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভা বসবে। এতে ক্যাম্পাসের সর্বশেষ পরিস্থিতি নিয়ে আলোচনা করা হবে বলে জানা যায়।